



জাকসু ভোট গণনার সময় পোলিং কর্মকর্তার মৃত্যুতে শোকের ছায়া



সংগৃহীত ছবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) কেন্দ্রীয় ছাত্র সংসদ (জাকসু) ও হল সংসদ নির্বাচনের ভোট গণনার সময় দায়িত্ব পালনকালে চারুকলা বিভাগের সহকারী অধ্যাপক জান্নাতুল ফেরদৌসের মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার ভোট গ্রহণ শেষে শুক্রবার ভোরে গণনাকেন্দ্রে অসুস্থ হয়ে পড়লে তাকে দ্রুত হাসপাতালে নেওয়া হয়, কিন্তু সেখানেই তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

৩৩ বছর পর অনুষ্ঠিত জাকসু ও হল সংসদ নির্বাচনে ভয়াবহ দুঃখজনক ঘটনা ঘটল। ভোট গণনার দায়িত্বে থাকা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগের সহকারী অধ্যাপক জান্নাতুল ফেরদৌস শুক্রবার (১২ সেপ্টেম্বর) সকালে সিনেট ভবনে গণনাকেন্দ্রে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। দ্রুত তাকে এনাম মেডিকেল হাসপাতালে নেওয়া হলেও চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন।

জান্নাতুল ফেরদৌস ২০১৬ সালে বিএফএ এবং ২০১৮ সালে এমএফএ ডিগ্রি অর্জন করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের চারুকলা (চিত্রকলা শৃঙ্খলা) বিভাগ থেকে। পরবর্তীতে তিনি একই বিভাগে শিক্ষকতা শুরু করেন এবং সহকারী অধ্যাপক হিসেবে দায়িত্ব পালন করছিলেন।

এর আগে বৃহস্পতিবার (১১ সেপ্টেম্বর) সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ চলে। ভোট শেষে সন্ধ্যা থেকে গণনা শুরু হয় এবং শুক্রবার দুপুর নাগাদ ফল প্রকাশের সম্ভাবনার কথা জানিয়েছিলেন নির্বাচন কমিশনের সদস্যসচিব অধ্যাপক এ কে এম রাশিদুল আলম।

উল্লেখ্য, এবারের নির্বাচনে মোট ভোটার ছিলেন ১১ হাজার ৯১৯ জন। এর মধ্যে ভোট দিয়েছেন ৮ হাজার ১৬ জন, যা মোট ভোটারের ৬৭ দশমিক ৯ শতাংশ।